

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৮০.১৯.৮২

তারিখ: ১৩ জুলাই ১৪২৬

১৯ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৩৪৮১/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০২.০৪.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: মেয়ামত উল্লাহ, পিতা: মৃত শামসুদ্দীন, ১৯/৪ পূর্ব মাদারটেক, থানা: সবুজবাগ, জেলা: ঢাকা এবং প্রভাসক (আরবী), মদীনা তুল উলুম মডেল ইনস্টিটিউট বালক কামিল মাদরাসা, ০১ নং রেলওয়ে গেট, তেজগাঁও, ঢাকা-১২১৫ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৪৮১/২০১৯ দায়ের করা হয়েছে।

০২. উক্ত মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, সচিব, আইন মন্ত্রণালয় মহোদয়কে ৩ নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডকে ২ নং রেসপনডেন্টসহ মেট ৭ (সাত) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।

০৩. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, অর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, "রেসপনডেন্ট শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮" এর "গ" এর (১) "ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ/কামিল মাদ্রাসার উপাধ্যক্ষ পদে ০৩ বছরের অভিজ্ঞতাসহ মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ/আদিব/সহকারী অধ্যাপক/প্রভাসক পদে আরবী বিষয়সমূহে) কামিল/ফাজিল মাদ্রাসায় মেট ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা" সংক্রান্ত বিধানকে তর্কিত আখ্যায়িত করে মামলাটি সরের করা হয়েছে। উল্লেখ্য যে টিএমইডি কর্তৃক জারীকৃত নীতিমালাকে চ্যালেঞ্জ করে রিট মামলাটি দায়ের হয়েছে।

০৪. উক্ত মামলায় শুনানীতে রেসপনডেন্টস এর পক্ষে বিজ্ঞ ডি.এ.জি. সি. আবদুল্লাহ আল মাহমুদ এবং তাঁর সঙ্গ, বিজ্ঞ এ.এ.জি. সি. সাইফুল আলম এবং প্রহলাদ দেবনাথ উপস্থিত ছিলেন এবং আবেদনকারীর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট সি. আবদুল্লাহ আল বাকী উপস্থিত ছিলেন মর্মে রুল নিশিতে উল্লেখ রয়েছে।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনা করে রিট পিটিশন নং-৩৪৮১/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ৩০.০৬.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তদা প্রত্যক্ষ জন মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৯-০৬-২০১৯

ড. মো: মহাম্মদ হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)

সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ

আইন শাখা-২

সচিবালয়, বাংলাদেশ, এলিফান্ট রোড (নকশী জাহান),

ঢাকা-১০০

স্মারক নং: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৮০.১৯.৮২/১(৭)

তারিখ: ১৩ জুলাই ১৪২৬

২৯ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অফিস কপি, মাস্টার কপি



২৯-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)